তারিখ ... 27 OCT 2016 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬

দৈনিক
ইত্তেফাক

# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮

**Website: www.butex.edu.bd**

# সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি, শিক্ষা বর্ষঃ ২০১৬-১৭

। বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন অনুষদে নিম্নবর্ণিত বিভাগসমূহে ৪ (চার) বছর মেয়াদী বি. এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ২০১৬-১৭ শিক্ষাবর্ষে লেভেল-১ এ ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

<u>বিভাগ অনুযায়ী আসন সংখ্যা ঃ</u>

| বিভাগ | আসন সংখ্যা |
|---|---|
| (১) ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং | ৮০ |
| (২) ফেব্রিক ইঞ্জিনিয়ারিং | ৮০ |
| (৩) ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং | ৮০ |
| (৪) এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং | ৮০ |
| (৫) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট | ৮০ |
| (৬) টেক্সটাইল ফ্যাশন এন্ড ডিজাইন | ৪০ |
| (৭) ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং | ৪০ |
| (৮) টেক্সটাইল মেশিন ডিজাইন এন্ড মেইনটেনেন্স | ৪০ |
| (৯) ডাইস এন্ড কেমিক্যালস ইঞ্জিনিয়ারিং | ৪০ |
| মোট আসন সংখ্যা ঃ | ৫৬০ |

<u>ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনের নূন্যতম যোগ্যতা ঃ</u>

১। আবেদনকারীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশী হতে হবে।

২। আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.৫০ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

৩। ২০১৬ সালে অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এইচ. এস. সি কিংবা উহার সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.৫০ সহ গনিত, পদার্থ, রসায়ন ও ইংরেজী বিষয়ে সর্বমোট কমপক্ষে ১৯.০০ গ্রেড পয়েন্ট পেতে হবে।

৪। GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ করা শিক্ষার্থীদের ক্ষেত্রে GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে গড়ে 'B' এবং নভেম্বর ২০১৫ সালের পরে GCE 'A' লেভেল পরীক্ষায় Physics, Chemistry, Mathematics ও English Language এ গড়ে 'B' গ্রেড পেয়ে পাশ করতে হবে। কোন বিষয়ে 'D' গ্রেড গ্রহণযোগ্য হবে না। Equivalence Certificate প্রাপ্তির জন্য ২,০০০/-(দুই হাজার) টাকা অর্থ ও হিসাব দপ্তরে নগদ প্রদানপূর্বক 'O'লেভেল এবং 'A'লেভেল পরীক্ষার রেজিষ্ট্রেশন কার্ড, নম্বরপত্র ও সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপিসহ বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবরে ৩০/১০/২০১৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

<u>SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া ঃ</u>

১। ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে BUT<স্পেস> HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস> HSC পাসের সাল <স্পেস> SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> SSC পরীক্ষার রোল নম্বর <স্পেস> SSC পাশের সাল লিখে 16222 নম্বরে SMS করতে হবে।
উদাহরণ ঃ BUT DHA 123456 2016 DHA 654321 2014 উদাহরণটি ঢাকা বোর্ডের জন্য। এখানে 123456 এর জায়গায় HSC এবং 654321 এর জায়গায় SSC পরীক্ষার রোল নম্বর দিতে হবে।

২। বিভিন্ন বোর্ডের জন্য লিখতে হবে ঢাকা (DHA), রাজশাহী (RAJ), চট্টগ্রাম (CHI), দিনাজপুর (DIN), সিলেট (SYL), যশোর (JES), কুমিল্লা (COM), বরিশাল (BAR), মাদ্রাসা (MAD), কারিগরি (TEC অথবা VOC), English Medium (GCE)।

৩। উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে BUT <স্পেস>YES<স্পেস>PIN নম্বর<স্পেস>আবেদনকারীর মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। এখানে মোবাইল নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করতে পারে এমন যে কোনো অপারেটরের একটি মোবাইল নম্বর লিখতে হবে।
উদাহরণ ঃ BUT YES 87654321 01XXXXXXXXX
এই উদাহরণের 87654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি ৯০০/- (নয়শত) টাকা কেটে নেওয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

৪। আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে SMS এর মাধ্যমে সাথে সাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর, User ID ও Password জানিয়ে দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না। Confirmation Reply টি হবে এরকম ঃ Congrats! Fee received for BUT admission: 2016-17, Admission Roll: 12345, User ID: 87654321, Password: abcdef. For admit card, please visit: http://but.teletalk.com.bd (User ID, Password আলাদা কাগজে লিখে সংরক্ষণ করতে হবে।)

৫। কোন কারনে User ID, Password হারালে শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে নিম্নোক্ত উপায়ে তা পাওয়া যাবে ঃ
(ক) User ID জানা থাকলে BUT<স্পেস> HELP <স্পেস> USER<স্পেস> User ID লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ Password জানা যাবে।
(খ) User ID, Password দুটিই হারালে BUT <স্পেস> HELP <স্পেস> PIN <স্পেস> PIN নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ User ID, Password জানা যাবে।
(গ) User ID, Password ও PIN নম্বর হারালে BUT <স্পেস> HELP <স্পেস> HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস> HSC পাসের সাল লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ User ID, Password ও PIN জানা যাবে।

৬। 'O'/'A' লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে।
উদাহরণঃ BUT GCE 123456 2016 এখানে 123456 এর জায়গায় আবেদনকারীকে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত Equivalence Certificate এর Candidate নম্বরটি বসাতে হবে।

<u>কোটায় আবেদনকারীর প্রতি নির্দেশাবলী ঃ</u>

P.T.O